

মালয়েশিয়ায় ইন্টার্নশিপে যাচ্ছেন সিভাসু শিক্ষার্থীরা

চট্টগ্রাম ব্যুরো •

মালয়েশিয়ার তেরঙ্গানো বিশ্ববিদ্যালয়ে ইন্টার্নশিপ করতে যাচ্ছেন চট্টগ্রাম ডেটেরিনারি ও অ্যানিম্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ের (সিভাসু) মাৎস্যবিজ্ঞান অনুষদ এবং ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি অনুষদের শিক্ষার্থীরা। গতকাল শুক্রবার চট্টগ্রাম প্রেসক্লাবে বিশ্ববিদ্যালয় দুটির মধ্যে শিক্ষা ও গবেষণা বিনিময় বিষয়ক একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করা হয়েছে। এই চুক্তির আওতায় মাৎস্যবিজ্ঞান অনুষদ ও ফুড সায়েন্সেস টেকনোলজি অনুষদের প্রত্যেক শিক্ষার্থী তেরঙ্গানো বিশ্ববিদ্যালয়ে এক মাসের জন্য ইন্টার্নশিপ করার সুযোগ পাবেন। ২০১৬ সালে জুনি হওয়া মাৎস্যবিজ্ঞান অনুষদের শিক্ষার্থীদের দিয়ে আগামী নভেম্বরে এর যাত্রা শুরু হবে। মালয়েশিয়ায় ইন্টার্নশিপে থাকাকালে ছাত্রছাত্রীরা অভ্যন্তরীণ যাতায়াতব্যবস্থা, বিশ্ববিদ্যালয়ে থাকার ব্যবস্থা, শিক্ষাগ্রহণ, শিক্ষাসফরসহ বিভিন্ন সুযোগ-সুবিধা পাবেন। একইভাবে তেরঙ্গানো বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও সিভাসু বিশ্ববিদ্যালয়ে ইন্টার্নশিপ করার জন্য আগ্রহ প্রকাশ করলে সমান সুযোগ-সুবিধা গ্রহণ করতে পারবেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ডেটেরিনারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. পৌতম বুদ্ধ দাশ এবং তেরঙ্গানো ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর দাত্ত ড. নুর আয়েনি হাজি মুখতার উপস্থিত ছিলেন।